

জগতে আনন্দযজ্ঞে আমার নিমন্ত্রণ ।
ধন্য হল ধন্য হল মানবজীবন ॥
নয়ন আমার রূপের পুরে সাধ মিটায়ে বেড়ায় ঘুরে,
শ্রবণ আমার গভীর সুরে হয়েছে মগন ॥
তোমার যজ্ঞে দিয়েছ ভার, বাজাই আমি বাঁশি—
গানে গানে গেঁথে বেড়াই প্রাণের কান্নাহাসি ।
এখন সময় হয়েছে কি ? সভায় গিয়ে তোমায় দেখি
জয়ধ্বনি শুনিয়ে যাব এ মোর নিবেদন ॥

Parjaay: Puja, Taal: Ektaal, Raag: Sarfarda-Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail